



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2020, held in 2021

BNGADSE01T-BENGALI (DSE1/2)

মধ্যযুগের সাহিত্য পাঠ

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা ১০×৪ = ৪০
অনধিক ৩০০ হবে)

একক - ১

- (ক) কৃত্তিবাস ওঝা অনুদিত রামায়ণের ‘আরণ্যকাণ্ডে’ বর্ণিত ‘সূৰ্পণখার নাসাকর্ণচ্ছেদন’ অংশটির পরিচয় দাও। ১০
অংশটি পরিকল্পনায় কৃত্তিবাসের দক্ষতা দেখাও।

অথবা

- (খ) কৃত্তিবাস ওঝা অনুদিত রামায়ণের ‘লঙ্কাকাণ্ডে’ বর্ণিত ‘সরমা কর্তৃক সীতার সাত্ত্বনা’ অংশ অবলম্বনে সীতা ১০
ও সরমা চরিত্র দুটির পরিচয় দিয়ে কেন চরিত্র দুটি আমাদের দৃষ্টি আকর্ষণ করে তার কারণ অনুসন্ধান
করো।

একক - ২

- (গ) বিপ্রদাস পিপলাই-এর ‘মনসামঙ্গল’ কাব্যে তোমার পাঠ্য অংশ অবলম্বনে মনসার চরিত্র নির্মাণে কবির ১০
দক্ষতা ও দূরদর্শিতার পরিচয় দাও।

অথবা

- (ঘ) বিপ্রদাস পিপলাই-এর ‘মনসামঙ্গল’ কাব্যের চতুর্থ পালার সপ্তম ও অষ্টম অধ্যায়ে যে সর্পসত্র যজ্ঞের ১০
প্রস্তুতি এবং সর্পসত্র যজ্ঞের বিবরণ আছে — তার পরিচয় দিয়ে অংশ দুটির বাস্তবায়নে কবির দক্ষতা
দেখাও।

একক - ৩

- (ঙ) দ্বিজ মাধব রচিত ‘মঙ্গলচণ্ডীর গীত’ গ্রন্থে তোমার পাঠ্য অংশ অবলম্বনে ভাঁড়ু দত্ত চরিত্র পরিকল্পনায় কবির ১০
দূরদর্শিতার পরিচয় দাও।

অথবা

- (চ) দ্বিজ মাধব রচিত ‘মঙ্গলচণ্ডীর গীত’ গ্রন্থের চতুর্থ পালায় বর্ণিত ‘কালকেতু ও ফুল্লরার জন্ম’, ‘কালকেতুর ১০
বিক্রম’, এবং ‘কালকেতুর বিবাহের উদ্যোগ’ অংশ তিনটির বর্ণনায় কবির বাস্তবতা জ্ঞানের পরিচয় দাও।

একক - ৪

- (ছ) রায়গুণাকর ভারতচন্দ্র রচিত ‘অন্নদামঙ্গল’ কাব্যের প্রথম খণ্ড অবলম্বনে শিব চরিত্রের পরিচয় দাও ও ১০
চরিত্রটির মানবায়ন কীভাবে ঘটেছে তা দেখাও।

অথবা

- (জ) রায়গুণাকর ভারতচন্দ্র রচিত ‘অন্নদামঙ্গল’ কাব্যের প্রথম খণ্ড অবলম্বনে ‘ব্যাস’দেব চরিত্র নির্মাণে কবির নৈপুণ্য দেখাও। ১০

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২=১০
- (ক) তুমি ত ভাঙ্গড় সদা বেড়াও শ্মশানে। ৫
কোন্ গুণে পূজে তোমা লক্ষার রাবণে॥
ধনে প্রাণে মজিল লক্ষার অধিকারী।
কেমনে আছ হে স্থির বুঝিতে না পারি॥
আপনার মাথা কাট আপনার করে।
দুঃখ নাহি হয় কেন সেবকের তরে॥
— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) কোন জাতি কার সূতা কাহার রমণী। ৫
হেন রূপ-যৌবন যালিলে ভাস কেনি॥
তবেত ডুমনি বলে পরিহার করি।
হইতো ডুমনি এই ঘাটের খেয়ারি॥
— উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) ফাল্গুন মাসেত সাজি আইল ঋতুবতী। ৫
নিজ পরিবার লইয়া সখার সঙ্গতি॥
কামিনী করয়ে কেলি সখা লইয়া পাশে।
হেন কালে যায়ে স্বামী বন-পরবাসে॥
— উদ্ধৃতাংশটির ব্যাখ্যা দাও।
- (ঘ) ভবানী কহেন তোর নায়ে ভরা জল। ৫
আলতা ধুইবে পদ কোথা খুব বল॥
পাটুনী বলিছে মা গো শুন নিবেদন।
সেঁউতী উপরে রাখ ও রাস্তা চরণ॥
পাটুনীর বাক্যে মাতা হাসিয়া অন্তরে।
রাখিলা দুখানি পদ সেঁউতী উপরে॥
— তাৎপর্য ব্যাখ্যা করো।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—